| S | M | T | W | T | F | S |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1 | 2 | 3 |
| 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | |

page-①

Date - 07/01/2024
Boalia

CC-T-12 (ব্যাকরণ)

ব্যবস্থিতবিভাষা (5 marks).

'ন বেতি বিভাষা' (পা. সূ. ১/১/৪৪) সূত্রে পাণিনি বিভাষার সংজ্ঞা নির্ধারণ করেছেন। 'ন' এর অর্থ নিষেধ এবং 'বা' -এর অর্থ বিকল্প। অর্থাৎ 'বিভাষা' শব্দের দ্বারা বিকল্প ও নিষেধ উভয় অর্থকেই বোঝায়।

এই বিভাষা মূলতঃ তিন প্রকার। যথা - প্রাপ্ত বিভাষা, অপ্রাপ্ত বিভাষা ও উভয়ত্র বা প্রাপ্তাপ্রাপ্ত বিভাষা। যথাক্রমে এদের উদাহরণ হল - ১. 'বিভাষা কৃঞি' (পা. সূ. ২/৪/৫৮), ২. 'বিভাষা অপূর্বস্য' (৪/২/৩৪) এবং ৩. 'বিভাষা শ্বেঃ' (৩/২/১৪৩)।

এছাড়া আর এক প্রকার বিভাষা পাওয়া যায়। তাকে বলে ব্যবস্থিত বিভাষা। এর বৈশিষ্ট্য সম্পর্কে হরদত্ত তাঁর পদমঞ্জরীতে বলেন - (পদমঞ্জরী, পা. ৭/৪/৪১).

"কৃচিন্নিত্যং প্রবৃত্তিঃ, কৃচিদ্বিকল্পেন, কৃচিন্নৈব প্রবৃত্তিঃ - ইত্যেবং বিবিধমবস্থিতা বিভাষা ব্যবস্থিত বিভাষা"। অর্থাৎ, যে বিভাষার নিয়ম কোথাও প্রবৃত্ত হয়, কোথাও বিকল্পে প্রবৃত্ত হয়, কোথাও আবার প্রবৃত্তই হয় না - এরকম বিভিন্ন প্রকারে অবস্থিত বিভাষাকে বলে ব্যবস্থিত বিভাষা।